৩১

দৈনিক সংবাদ

তারিখ ... 20 JUN 1988 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৭৪

মন্ত্রিপরিষদের বৈঠক

# বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ ও আণবিক শক্তি কমিশন শিক্ষা মন্ত্রণালয়ে ন্যস্ত

রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদের সভাপতিত্বে গত রোববার বঙ্গভবনে মন্ত্রিপরিষদের নিয়মিত সাপ্তাহিক বৈঠক অনুষ্ঠিত হয়। খবর বাসস'র।

বৈঠকে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ এবং বাংলাদেশ আণবিক শক্তি কমিশনকে শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি ডিভিশনের প্রশাসনিক নিয়ন্ত্রণে ন্যস্ত করার সিদ্ধান্ত নেয়া হয়। বর্তমানে এ দু'টি সংস্থা যথাক্রমে শিল্প মন্ত্রণালয় এবং জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে রয়েছে।

রূপপুরে যে আণবিক বিদ্যুৎ প্লান্ট স্থাপিত হবে তা জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে থাকবে।

বৈঠকে ভূমি মন্ত্রণালয় ও কৃষি ডিভিশনের অধীনে উন্নয়ন

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বিজ্ঞান ও শিল্প গবেষণা

(১ম পাতার পর)

প্রকল্পগুলোর বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। কয়েকটি প্রকল্পের বিস্তারিত রিপোর্ট পেশ করার জন্য বৈঠকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে নির্দেশ দেয়া হয়।